# B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-8

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'এমনি দুই পাখি / দোঁহারে ভালোবাসে'
'দোঁহারে' কথার অর্থ কী? শব্দটি দ্বারা কাদের বোঝানো হয়েছে?

(খ) 'কেন রে বিধাতা পাষাণ হেন'...
কোন কবিতার অংশ? বিধাতাকে পাষাণ বলা হয়েছে কেন?

(গ) 'মেঘদূত' কোন কাব্যগ্রন্থের কবিতা? কবিতায় কোন প্রাচীন কবির নাম উল্লিখিত হয়েছে?

(ঘ) 'মনে হল আকাশ-পানে চেয়ে'
আকাশ-পানে চেয়ে কার কী মনে হল?

(ঙ) 'ভীতু, ভীতু, ভীতু কোথাকার'।
কোন কবির রচনা? কাকে ভীতু বলা হয়েছে?

(চ) 'আমি আনন্দিত'
কোন কবির কোন কবিতার অংশ? কবির আনন্দের কারণ কী?

(ছ) 'তবু মনে হয় যেন সেদিন সকাল'।
বক্তা কে? কোন ঘটনাকে বক্তা 'সেদিন সকাল' বলেছেন?

(জ) 'বনলতা সেন' কোন কাব্যগ্রন্থের কবিতা? কবিতায় যেসব প্রাচীন নগরের নাম আছে তার উল্লেখ করো।

(ঝ) 'একবেণী হিয়া ছাড়ে না মলিন কাঁথা।'
হিয়াকে একবেণী বলার কারণ কী?

(ঞ) 'একদিন যেওনা হারিয়ে'
কবি কেন, কোথায় হারানোর কথা বলেছেন?

(ট) 'তোমার আকাশ দাও ...'
কোন কবিতার অংশ? এখানে 'তোমার' বলতে কার কথা বলা হয়েছে?

(ঠ) 'এবার যুদ্ধ তোমার আর আমার জন্যে।'
— বক্তা কে? এখানে কোন যুদ্ধের কথা বলা হয়েছে?

(ঙ) 'তোমাকে আমি দেখিনা কত যুগ।'

'তোমাকে' বলতে কাকে বোঝানো হয়েছে? অংশটি কোন কবিতার অন্তর্গত?

(চ) 'আমার সন্ততি স্বপ্নে থাক।'

'সন্ততি' কথাটির অর্থ কী? এখানে কার সন্ততির কথা বলা হয়েছে?

(ণ) 'এসবই আমার পুরনো পোশাক'

কবির পুরনো পোশাকগুলি কী?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'ভাঙ ভাঙ ভাঙ কারা, আঘাতে আঘাত কর।'

কোন কবিতার অংশ? কবি এখানে কোন 'কারা' ভাঙার কথা বলেছেন?

(খ) 'দুই পাখি' কবিতায় দুটি পাখির কথোপকথনের মধ্য দিয়ে কোন সত্যকে কবি প্রতিষ্ঠিত করতে চেয়েছেন? 'দুই পাখি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(গ) 'কোনোদিন ব্যাঙের খাঁটি কথাটি কি পেরেছি লিখতে'

বক্তা কে? 'ব্যাঙের খাঁটি কথাটি' কী?—আলোচনা করো।

(ঘ) 'মেলাবেন তিনি মেলাবেন।'

অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ঙ) 'সমস্ত ট্রাফিক তুমি মন্ত্রবলে থামিয়ে দিয়েছ।'

কে কীভাবে ট্রাফিক থামিয়ে দিয়েছিল তা কবিতা অবলম্বনে আলোচনা করো।

(চ) 'স্বপ্নেও যে তোমার দেখা নেই।'

কোন কবিতার অংশ? এখানে কার কথা বলা হয়েছে? স্বপ্নে কবির চোখে তার যে রূপ ধরা পড়েছে তার পরিচয় দাও।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) 'বিদায় অভিশাপ' কবিতাটির নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

*অথবা*

'তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত' — সমগ্র কবিতাটি অবলম্বনে এই উদ্ধৃতিটির বক্তা-চরিত্রের পরিচয় দাও।

(খ) 'বনলতা সেন' কবিতায় কবির প্রেমচেতনার স্বরূপ আলোচনা করো।

*অথবা*

'একখানা হাত' কবিতাটিতে জীবনের অপূর্ণতার বেদনা যেভাবে প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।

# B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-9

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো দশটি* প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর লেখো : ২×১০=২০

(ক) কোন গ্রামে বসবাস করতেন 'চন্দ্রশেখর' উপন্যাসের নাম চরিত্রটি? এই উপন্যাস কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল?

(খ) যে পাঁচটি গ্রামের বিষয় নিয়ে 'গণদেবতা' উপন্যাসটি গড়ে তোলা হয়েছে, তাদের নাম কী কী? উপন্যাসে কোন গ্রামটি প্রাধান্য পেয়েছে?

(গ) 'চন্দ্রশেখর' উপন্যাসে কোন নবাবের কথা আছে? তিনি কোথায় বসবাস করতেন?

(ঘ) "কি কালযুদ্ধই না ইংরেজরা করিল?" কাদের সঙ্গে ইংরেজদের কোন যুদ্ধের কথা 'গণদেবতা' উপন্যাসে বলা হয়েছে?

(ঙ) লরেন্স ফস্টরের প্রথম প্রণয়িনীর নাম কী? লরেন্স কেন ভারতে এসেছিলেন?

(চ) 'গণদেবতা' উপন্যাসের বর্ণনা অনুযায়ী গ্রামের চণ্ডীমণ্ডপে অনুষ্ঠিত হত এমন দুটি পার্বণের নাম লেখো।

(ছ) "যে সকল ইংরেজ বাঙ্গালায় বাস করিতেন তাঁহারা দুইটি মাত্র কার্য্যে অক্ষম ছিলেন।"— কোন দুটি কাজের কথা ঔপন্যাসিক বলেছেন?

(জ) দেবুকে গ্রেপ্তার করা হয়েছিল কোন অপরাধে? কোন মাসে সে জেল থেকে ছাড়া পায়?

(ঝ) "পুরুষ মানুষের চক্ষু কেবল মাথার শোভার্থ—তাহাতে দেখিতে পায় না।"— কে, কেন একথা বলেছে?

(ঞ) 'গণদেবতা' কত খ্রিস্টাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ট) শৈবলিনীর অপহরণের কথা শুনে চন্দ্রশেখর কী করেছিলেন?

(ঠ) দেবু কতদূর লেখাপড়া করেছিলেন? তাঁর পেশা বা উপার্জনের পথ কী ছিল?

(ড) "প্রতাপ রায় সাক্ষাৎ শয়তান— এ দেশীয় লোক তাহাকে ধরিতে পারিবেন না।"— কার উক্তি? তার বাড়ি কোথায়?

(ঢ) "লোকটা ঐ জে. এল. ব্যানার্জীর শিষ্য।"— কে একথা বলেছে? কোন লোকটার কথা বলা হয়েছে?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো : ৫×৪=২০

(ক) "শৈবলিনীকে দেখিয়া সংযমীর ব্রতভঙ্গ হইল।" কোন সংযমীর কোন ব্রতভঙ্গ হয়েছিল? কীভাবে ব্রতভঙ্গ হয়েছিল সংক্ষেপে লেখো।

(খ) সুন্দরী কে? তার সঙ্গে প্রতাপের সম্পর্ক কী? উপন্যাসে সুন্দরীর চরিত্রটি কীভাবে উপস্থাপিত হয়েছে তা সংক্ষেপে লেখো।

(গ) "এই সময় বাঙ্গালার যে সকল রাজপুরুষ নিযুক্ত ছিলেন তন্মধ্যে গুরগণ খাঁ একজন সর্বশ্রেষ্ঠ এবং সর্বোৎকৃষ্ট।"— গুরগণ খাঁ চরিত্রটির উপযোগিতা আলোচনা করো।

(ঘ) "গল্পটি দেবুর বড় ভালো লাগিল। বিলুকে আজ গল্পটি বলিতে হইবে।"— কোন গল্পের কথা বলা হয়েছে? ঐ গল্পটি দেবুর ভালো লাগার কারন লেখো।

(ঙ) "এদিকে যুদ্ধ লাগিয়া সব যেন উল্টাইয়া গেল।" কোন যুদ্ধ গ্রাম বাংলার জীবনে কোন ধরনের প্রভাব ফেলেছিল 'গণদেবতা' উপন্যাস অবলম্বনে সংক্ষেপে লেখো।

(চ) জগন ডাক্তার চরিত্রটির উপন্যাসগত উপযোগিতা সংক্ষেপে লেখো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো। ১০×২=২০

(ক) শৈবলিনীর প্রায়শ্চিত্ত বর্ণনার শিল্পমূল্য আলোচনা করো।

অথবা

'চন্দ্রশেখর' উপন্যাসে পারিবারিক জীবনের সঙ্গে বৃহত্তর রাজনৈতিক জীবনের মিলন কীভাবে সাধিত হয়েছে আলোচনা করো।

(খ) 'গণদেবতা' উপন্যাসের সর্বাপেক্ষা উজ্জ্বল চরিত্র দুর্গা। সে স্বৈরিণী না বিপ্লবী— উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

অথবা

দেবনাথ পণ্ডিতের চরিত্রটি কতটা শিল্পসার্থকতা লাভ করেছে আলোচনা করো।

———

# B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-10

সময় : ৩ ঘণ্টা                                                                 পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।*
*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও :                                          ২×১০=২০

(ক) "আহা! বিধুমুখি কি নিদারুণ কথা বলিলে, আমার অন্তঃকরণে যেন অগ্নিবাণ প্রবেশ করিল"— 'বিধুমুখি' কে? নিদারুণ কথাটি কী?

(খ) "ময়রাণী লো সই। নীল গেঁজেছো কই।।" কারা কাকে এ কথা বলছে? তাদের মধ্যে দু-জনের নাম লেখো।

(গ) "এই আইনটা শ্যামচাঁদের দাদা হইয়াছে।"— 'শ্যামচাঁদ কী? কোন আইনকে 'শ্যামচাঁদের দাদা' বলা হয়েছে?

(ঘ) "মুই টিকিরি — জোন খেটে খাই।" এ কথা কে বলেছে? সে কেন 'কিছু পুঁজি' করার কথা ভেবেছিল?

(ঙ) "না কি এ ম্যাদের পিল হয় না"— কে কোন প্রসঙ্গে কাকে এ কথা বলেছে?

(চ) "গবরমেন্টকে এ বিষয়ে দরখাস্ত করিতে আমাদিগের সভায় লিখিতে হইবেক," উক্তিটি কার? এখানে কোন বিষয়ে দরখাস্ত করার কথা বলেছেন?

(ছ) "সাধু তুমি এমনই সাধু বটে।" কে, কেন কাকে এমন কথা বলেছে?

(জ) "মোর বুকি অ্যাকটা তেরোনালের খোঁচা মার্ মুই স্বগগে চলে যাই"— কে, কাকে এ কথা বলেছে? 'তেরোনাল' কী?

(ঝ) যে গান দিয়ে 'শারদোৎসব' নাটক শেষ হয়েছে তার প্রথম দুটি ছত্র উদ্ধৃত করো।

(ঞ) "ইনি যে গৃহে জন্মেছেন সে গৃহে জগতের অনেক বড়ো বড়ো বীর জন্মগ্রহণ করেছেন" কে, কার সম্পর্কে কোন প্রসঙ্গে এ কথা বলেছেন?

(ট) "তোমার কাছে যে কয়টা বিষয়ে প্রতিশ্রুত আছি সে আমি সেরে দিয়ে যাব"— প্রতিশ্রুতিগুলি কী কী?

(ঠ) "মহারাজের সামনে আমি যে ইচ্ছাসুখে বসে থাকি এমন আমার স্বভাবই নয়।" কার উক্তি? সে কেন বসে আছে?

(ড) 'শারদোৎসব' নাটকে সন্ন্যাসী ছেলেদের কোন রঙের কাপড় পরতে বলেছে? তা কোথায় পাওয়া যাবে?

(ঢ) "আমরা বেঁধেছি কাশের গুচ্ছ" গানটির রাগ ও তাল উল্লেখ করো।

(ণ) ভৈরবপুরের বেতালসিদ্ধ লোকটির খবর কে জানিয়েছে? তাকে স্বচক্ষে কে দেখেছে?



3124

২। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ''শালা লোক আমাদিগের সব কথা বলিতেছে, মহাজনের কথা কিছু বলে না''— কোন প্রসঙ্গে কার উক্তি? মহাজনদের প্রসঙ্গে গোপীনাথ কী বলেছেন?

(খ) ''বড়বাবুর অপরাধ নাই, বিবেচনার ত্রুটিও নাই।''—কে কোন প্রসঙ্গে উক্তিটি করেছে? উক্তির সপক্ষে বক্তা সেদিনের ঘটনার যে বিবরণ দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

(গ) ''উপপতি করিছি বলে কি আমার শরীরে দয়া নেই''— উক্তির আলোকে চরিত্রটির পরিচয় দাও।

(ঘ) ''তার ভণ্ডামি আমার কাছে তো কিছু ঢাকা নেই।'' কে, কার প্রসঙ্গে বলেছে? তার বক্তব্যটি ব্যাখ্যা করো।

(ঙ) ''ভারি বিশ্রী দিন।'' এখানে কে, কোন দিনের কথা বলেছে? দিনটা বিশ্রী কেন? সে এই দিনে কী করতে চায়?

(চ) ''সেই খবরটি আজ ঐ উপনন্দের কাছ থেকে পেয়েছি।'' কে কোন খবরটি কী ভাবে পেয়েছেন তা ব্যাখ্যা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'নীলদর্পণ' নাটকের মধ্যে অনেক অতিনাটকীয় উপাদান আছে, এই উপাদানগুলি নাটকটির শিল্পরূপের কোনো ক্ষতি করেছে কি না, তা যুক্তিসহ আলোচনা করো।

*অথবা*

'নীলদর্পণ' নাটকে হাস্যরসের প্রয়োগের সার্থকতা সম্পর্কে আলোচনা করো।

(খ) ''না বাবা, তোমার মূল্য এখানে কেউ বুঝবে না।'' কার উক্তি? যার মূল্য কেউ বুঝবে না, সেই চরিত্রটির যে মূল্য নাট্যকার নাটকে প্রকাশ করেছেন তার স্বরূপ আলোচনা করো।

*অথবা*

''আজ স্পষ্ট প্রত্যক্ষ দেখতে পাচ্ছি—জগৎ আনন্দের ঋণ শোধ করছে।'' এই উক্তির আলোকে 'শারদোৎসব' নাটকের তত্ত্বটি ব্যাখ্যা করো।

———

# B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : SEC-2

সময় : ২ ঘণ্টা | পূর্ণমান : ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) প্রাতিষ্ঠানিক চিঠিতে সংযুক্তি (Enclosure)-র গুরুত্ব কোথায়?

(খ) ব্যবহারিক চিঠিপত্র বলতে কী বোঝো? উদাহরণ দাও।

(গ) রাজনৈতিক প্রতিবেদন কী? উদাহরণ দাও।

(ঘ) প্রতিবেদন ও সংবাদের মধ্যে দুটি বৈসাদৃশ্য লেখো।

(ঙ) অনুচ্ছেদ ও পরিচ্ছেদের মধ্যে একটি সাদৃশ্য ও একটি বৈসাদৃশ্য দেখাও।

(চ) অনুচ্ছেদ রচনার নিয়মগুলি কী কী?

(ছ) ভাবার্থ কী তা সংক্ষেপে বুঝিয়ে দাও।

(জ) সারসংক্ষেপ ও ভাবার্থের মধ্যে তফাত উল্লেখ করো।

২। *যে কোনো দুইটি* প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) ভাবসম্প্রসারণ-এর সংজ্ঞা লেখো। ভাবসম্প্রসারণ লেখার নিয়মগুলির উল্লেখ করো।

(খ) প্রতিবেদন-এর সংজ্ঞা দাও। প্রতিবেদন কয় প্রকার ও কী কী?

(গ) লেখকের ভাবপ্রকাশের দুইটি ভিন্ন মাধ্যম—ভাবার্থ ও ভাবসম্প্রসারণ— আলোচনা করো। ভাবসম্প্রসারণ লেখার ক্ষেত্রে একান্ত পরিত্যাজ্য বিষয় কী?

(ঘ) রক্তদানের প্রয়োজনীয়তা বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী প্রতিবেদন রচনা করো। প্রতিবেদনটির একটি শিরোনাম লেখো।

৩। *যে কোনো দুইটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) অনুচ্ছেদ রচনা করো (*যে কোনো একটি*)। ১০

(অ) বাংলার লোকায়ত দেব-দেবী

(আ) দ্রব্যমূল্যবৃদ্ধি ও জনজীবন

(খ) ভাবসম্প্রসারণ করো (*যে কোনো একটি*)। ১০

(অ) ধর্মের বেশে মোহ যারে এসে ধরে
অন্ধ সে-জন মারে আর শুধু মরে।

(আ) জগৎ জুড়িয়া এক জাতি আছে
সে জাতির নাম মানুষ-জাতি।

(গ) সাম্প্রতিক ভয়াবহ রেল-দুর্ঘটনা বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। প্রতিবেদনটির একটি যথাযথ শিরোনাম দাও। ১০

(ঘ) ভাবার্থ লেখো (*যে কোনো একটি*)। ১০

(অ) অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দ্যাখে তা'রা;
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই—প্রীতি নেই—করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।

যাদের গভীর আস্থা আছে আজো মানুষের প্রতি
এখনো যাদের কাছে স্বাভাবিক ব'লে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

(আ) বনের পাখি বলে, আকাশ ঘন নীল
কোথাও বাধা নাহি তার।
খাঁচার পাখি বলে, খাঁচাটি পরিপাটি
কেমনে ঢাকা চারি ধার।
বনের পাখি বলে, আপনা ছাড়ি দাও
মেঘের মাঝে একেবারে।
খাঁচার পাখি বলে, নিরালা সুখকোণে
বাঁধিয়া রাখো আপনারে!
বনের পাখি বলে—না,
সেথা কোথায় উড়িবারে পাই।
খাঁচার পাখি বলে—হায়,
মেঘে কোথায় বসিবার ঠাঁই!